

স্মারক নং- ইআবি/জনসংযোগ, ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০২২১

তারিখ: ১৫ নভেম্বর, ২০২৩

## সংবাদ বিজ্ঞপ্তি

### পুনর্গঠিত যাকাত বোর্ডের সদস্য মনোনীত হলেন ইআবি-


### ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ

ইসলামিক ফাউন্ডেশনের অধীনে পরিচালিত যাকাত বোর্ডের সম্মানিত সদস্য হিসাবে পুনরায় মনোনীত হয়েছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ। পুনর্গঠিত যাকাত বোর্ডের সম্মানিত সদস্য মনোনীত হওয়ায় মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয়কে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ ১৭০০ (সতের শ'শ) এর অধিক অধিভুক্ত মাদরাসার শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা।

০৯ নভেম্বর, ২০২৩ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনে বলা হয়, যাকাত তহবিল ব্যবস্থাপনা আইন ২০২৩ এর ৪ (১) ধারা অনুযায়ী ১৩ (তেরো) সদস্য বিশিষ্ট যাকাত বোর্ড পুনর্গঠন করা হলো। যাকাত বোর্ডের সদস্যগণের মেয়াদকাল প্রজ্ঞাপন জারীর তারিখ হতে আগামী ০৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে বলে উল্লেখ করা হয়।

উল্লেখ্য, ইসলামের প্রচার-প্রসারের লক্ষ্যে বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালের ২২ মার্চ ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন। এরই ধারাবাহিকতায় ১৯৮২ সালের ৫ জুন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এক অধ্যাদেশ বলে ১৩ সদস্য বিশিষ্ট যাকাত ফাও গঠন করা হয়। যে ফাওর উদ্দেশ্য বিত্তবানদের নিকট হতে সংগৃহীত অর্থ প্রতিটি জেলা যাকাত কমিটির মাধ্যমে সমাজের দরিদ্র ও অসহায়দের মাঝে পৌঁছে দেয়া।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

  
(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)  
রেজিস্ট্রার  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।